আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ১১৩ প্রকাশকালঃ ২০-১০-২০২০

জিহাদ কখন ফরজে আইন হয়?

প্রশ্ন:

জিহাদ কখন ফরজে আইন হয়? বর্তমান বাংলাদেশে মুসলিমদের উপর কি জিহাদ ফরজে আইন? সবিস্তারে জানানোর জন্য অনুরোধ করছি।

আবুল কালাম, ফরিদগঞ্জ, চাঁদপুর

প্রশ্ন:

কী কী কারণে জিহাদ ফরজে আইন হয়? দলিলসহ জানালে উপকৃত হতাম।

মুহাম্মদ বিন আব্দুল্লাহ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

উত্তর: জিহাদ বান্দার জন্য আল্লাহ তায়ালার দেয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি ফরজ ইবাদত। তা কখনো ফরজে কেফায়া; কখনো ফরজে আইন।

ফরজে কেফায়া ও ফরজে আইনের অর্থ

ফরজে কেফায়া অর্থ এমন ফরজ, যার দায়িত্ব সমষ্টিগতভাবে সকল মুসলমানের। কিছু মুসলমান আদায় করলে, সকলের দায়িত্ব আদায় হয়ে যায়। প্রত্যেককে সেই দায়িত্ব আদায় করতে হয় না। কিন্তু কেউই যদি আদায় না করে, তাহলে সবার উপর এর দায় থেকে যায় এবং সবাই গোনাহগার হয়। আর যদি কিছু লোক আদায় করে, কিন্তু কাজটি আদায়

হওয়ার মতো যথেষ্ট পরিমাণ লোক আদায় না করে, তাহলেও বাকিদের উপর তার দায় থেকে যায় এবং তারা গোনাহগার হয়।

পক্ষান্তরে ফরজে আইন অর্থ এমন ফরজ, যা সুনির্দিষ্ট ব্যক্তির উপর ফরজ হয়। যার যার উপর ফরজ হয়, তাদের সবাইকে তা আদায় করতে হয়। অন্যথায় তারা গোনাহগার হয়।

সাধারণ অবস্থায় জিহাদ ফরজে কেফায়া

সাধারণ অবস্থায় জিহাদ ফরজে কেফায়া। অর্থাৎ মুসলামনদের দ্বীন ঈমান, ইজ্জত আব্রু, ভূখণ্ড ও ধন সম্পদের প্রতিরক্ষার জন্য এবং কাফেরদেরকে ভীত সন্ত্রস্ত রাখার জন্য যেই পরিমাণ লোকের প্রয়োজন, পুরো উম্মত থেকে সেই পরিমাণ লোক জিহাদি কার্যক্রমে যুক্ত থাকা ফরজে কেফায়া। এই পরিমাণ লোক উক্ত ফরজ আদায় করলে উম্মতের সকলের পক্ষ থেকে তা আদায় হয়ে যাবে। পক্ষান্তরে এই পরিমাণ লোক যদি তা আদায় না করে এবং ফরজটি অনাদায়ী থেকে যায়, তাহলে যারা যারা তা আদায়ের চেষ্টা করবে না, তারা সবাই গোনাহগার হবে।

হেদায়া গ্রন্থকার আল্লামা মারগিনানি রহ. (৫৯৩ হি.) বলেন,

قَالَ (الْجِهَادُ فَرْضٌ عَلَى الْكِفَايَةِ، إذَا قَامَ بِهِ فَرِيقٌ مِنْ النَّاسِ سَقَطَ عَنْ الْبَاقِينَ)

...

فَإِذَا حَصَلَ الْمَقْصُودُ بِالْبَعْضِ سَقَطَ عَنْ الْبَاقِينَ كَصَلَاةِ الْجَنَازَةِ وَرَدِّ السَّلَامِ (فَإِنْ لَمْ يَقُمْ بِهِ أَحَدٌ أَثِمَ جَمِيعُ النَّاسِ بِتَرْكِهِ) لِأَنَّ الْوُجُوبَ عَلَى الْكُلِّ، وَلِأَنَّ فِي اشْتِغَالِ

الْكُلِّ بِهِ قَطْعَ مَادَّةِ الْجِهَادِ مِنْ الْكُرَاعِ وَالسِّلَاحِ فَيَجِبُ عَلَى الْكِفَايَةِ (إلَّا أَنْ) (يَكُونُ النَّفِيرُ عَامًّا) فَحِينَئِذٍ يَصِيرُ مِنْ فُرُوضِ الْأَعْيَانِ....

وَقَالَ فِي الْجَامِعِ الصَّغِيرِ: الْجِهَادُ وَاجِبٌ إلَّا أَنَّ الْمُسْلِمِينَ فِي سَعَةٍ حَتَّى يُحْتَاجَ إلَيْهِمْ، فَأَوَّلُ هَذَا الْكَلَامِ إشَارَةٌ إلَى الْوُجُوبِ عَلَى الْكِفَايَةِ، وَآخِرُهُ إلَى النَّفِيرِ الْعَامِّ، وَهَذَا لِأَنَّ الْمَقْصُودَ عِنْدَ ذَلِكَ لَا يَتَحَصَّلُ إلَّا بِإِقَامَةِ الْكُلِّ فَيُفْتَرَضُ عَلَى الْكُلِّ. – الهداية مع فتح القدير: 5/436-441

“ইমাম কুদুরি রহ. বলেছেন, (জিহাদ ফরজে কেফায়া। যখন একদল লোক তা আদায় করবে, বাকিদের পক্ষ থেকে আদায় হয়ে যাবে)।....

অর্থাৎ কিছু সংখ্যক লোক দিয়ে যখন উদ্দেশ্য হাসিল হয়ে যাবে, বাকিদের থেকে তার দায় সরে যাবে। যেমন জানাযার সালাত এবং সালামের উত্তর। (যদি কেউই তা আদায় না করে, সকল মানুষই তা ত্যাগ করার কারণে গোনাহগার হবে)। কারণ ফরজ সকলের উপরই। আর সবাই জিহাদে বেরিয়ে পড়লে যেহেতু ঘোড়া অস্ত্র ইত্যাদির মতো জিহাদের উপায় উপকরণ প্রস্তুতের পথও বন্ধ হয়ে যাবে, এজন্য ফরজে কেফায়া। (তবে যদি ‘নাফিরে আম’ হয়) তখন ফরজে আইনের অন্তর্ভুক্ত হয়ে যাবে।...

ইমাম মুহাম্মাদ রহ. জামিউস সাগীরে বলেছেন, ‘জিহাদ ফরজ। তবে তা না করার সুযোগ থাকবে, যতক্ষণ না তাতে সকলের প্রয়োজন পড়ে’। তাঁর এই বক্তব্যের প্রথমাংশ ফরজে কেফায়ার ইঙ্গিত বহন করে এবং শেষাংশ নাফিরে আমের ইঙ্গিত বহন করে। কারণ, তখন সকলের

অংশগ্রহণ ব্যতীত উদ্দেশ্য অর্জিত হয় না। সুতরাং তখন সকলের উপর ফরজ হয়ে যাবে।" -হেদায়া; ফাতহুল কাদিরসহ: ৫/৪৩৬-৪৪১

কাজি ইবনে আতিয়্যা আন্দালুসি রহ. (মৃত্যু: ৫৪১ হি.) বলেন,

والذي استمر عليه الإجماع أن الجهاد على كل أمة محمد صلى الله عليه وسلم فرض كفاية، فإذا قام به من قام من المسلمين سقط عن الباقين، إلا أن ينزل العدو بساحة الإسلام فهو حينئذ فرض عين. اهـ -تفسير ابن عطية: 289/1

"যে বিষয়টির উপর ইজমা চলে আসছে তা হল, উম্মতে মুহাম্মাদির প্রতিটি ব্যক্তির উপর জিহাদ ফরজে কেফায়া। যদি মুসলমানদের একাংশ তা আদায় করে, তাহলে অন্যদের থেকে এর দায়-ভার সরে যাবে। তবে যদি শত্রু কোনো ইসলামী ভূখণ্ডে আক্রমণ চালায়, তখন তা ফরজে আইন হয়ে যায়। -তাফসীরে ইবনে আতিয়্যাহ: ১/২৮৯

তিন অবস্থায় জিহাদ ফরজে আইন হয়

এছাড়া বিশেষ তিনটি অবস্থায় জিহাদ ফরজে আইন হয়ে যায়।

ইমাম ইবনে কুদামা মাকদিসি রহ. (৬২০ হি.) বলেন-

يتعين الجهاد في ثلاثة مواضع؛ أحدها، إذا التقى الزحفان، وتقابل الصفان؛ حرم على من حضر الانصراف، وتعين عليه المقام ... الثاني، إذا نزل الكفار ببلد، تعين على أهله قتالهم ودفعهم. الثالث، إذا استنفر الإمام قوما لزمهم النفير معه. اهـ -المغني: 423/12

"তিন অবস্থায় জিহাদ ফরজে আইন হয়ে যায়। ১. যখন (মু'মিন-কাফের) উভয় বাহিনী লড়াইয়ের জন্য কাতারবন্দি হয়ে মুখোমুখি দাঁড়ায়, তখন উপস্থিত প্রত্যেক মুসলমানের জন্য পলায়ন করা হারাম এবং অটল থেকে জিহাদ করা ফরজে আইন। ২. কাফেররা কোনো এলাকায় আক্রমণ চালালে উক্ত এলাকার অধিবাসীদের উপর তাদের বিরুদ্ধে কিতাল করা এবং তাদের প্রতিরোধ করা ফরজে আইন। ৩. ইমাম যদি কোনো সম্প্রদায়কে জিহাদে বের হতে আহ্বান করেন, তাহলে তাদের সকলের জন্য জিহাদে বের হওয়া ফরজে আইন।" -আলমুগনী: ১২/৪২৩

এবিষয়ে ইবনে কুদামা রহ.র বক্তব্যটি গুছানো বিধায় তাঁর বক্তব্যটি উদ্ধৃত করলাম। অন্যথায় বিষয়টি হানাফি মাযহাবসহ সকল মাযহাবেই স্বীকৃত। দেখুন, বাদায়েউস সানায়ে: ৪/১৯১ ও ৭/৯৮, আলবিনায়া: ৭/৯৬, রদ্দুল মুহতার: ৪/১২৭

ফরজে আইনের উপরোক্ত তিনটি অবস্থার প্রত্যেকটি সম্পর্কে আমরা কুরআন, সুন্নাহ'র দলিল ও ফিকহের কিছু উদ্ধৃতি পেশ করছি ইনশাআল্লাহ। ওয়ামা তাওফিকি ইল্লা বিল্লাহ!

এক. রাণাঙ্গনে শত্রুর মুখোমুখি হলে

ফরজে আইনের প্রথম ক্ষেত্র ছিল, যখন কিতালের জন্য মুসলিম ও কাফের বাহিনী পরস্পর মুখোমুখি দাঁড়ায়, তখন উপস্থিত সকল মুসলমানের উপর জিহাদ ফরজে আইন। এমতাবস্থায় ময়দান ছেড়ে পালানো হারাম ও কবীরা গুনাহ।

ক. আলকুরআনুল কারীম

আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا زَحْفًا فَلَا تُوَلُّوهُمُ الْأَدْبَارَ (15) وَمَنْ يُوَلِّهِمْ يَوْمَئِذٍ دُبُرَهُ إِلَّا مُتَحَرِّفًا لِقِتَالٍ أَوْ مُتَحَيِّزًا إِلَى فِئَةٍ فَقَدْ بَاءَ بِغَضَبٍ مِنَ اللَّهِ وَمَأْوَاهُ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ. (16) الأنفال

"হে ঈমানদারগণ, যখন কাফেরদের চড়াও হয়ে আসা অবস্থায় তোমরা তাদের মুখোমুখি হও, তখন তাদেরকে পৃষ্ঠপ্রদর্শন করে পলায়ন করো না। সেদিন যুদ্ধকৌশল অবলম্বন অথবা দলে স্থান লওয়া ব্যতীত কেউ তাদেরকে পৃষ্ঠ প্রদর্শন করলে, সে আল্লাহর পক্ষ থেকে ক্রোধ নিয়ে ফিরবে এবং তার ঠিকানা হবে জাহান্নাম। আর তা অতি মন্দ ঠিকানা।" -আনফাল: ১৫-১৬

উক্ত আয়াতের তাফসীরে ইমাম ত্বাবারী রহ. (৩১০ হি.) বলেন-

وأولى التأويلين في هذه الآية بالصواب عندي قولُ من قال: حكمها محكم، وأنها نزلت في أهل بدر، وحكمها ثابت في جميع المؤمنين، وأن الله حرّم على المؤمنين إذا لقوا العدو، أن يولوهم الدبر منهزمين إلا لتحرفٍ القتال، أو لتحيز إلى فئة من المؤمنين حيث كانت من أرض الإسلام، وأن من ولاهم الدبر بعد الزحف لقتالٍ منهزمًا بغير نية إحدى الخلتين اللتين أباح الله التولية بهما، فقد استوجب من الله وعيده، إلا أن يتفضل عليه بعفوه. اهـ -جامع البيان في تأويل القرآن 13-440 مؤسسة الرسالة

"আমার মতে এই আয়াতের দু'টি ব্যাখ্যার মাঝে তুলনামূলক সঠিক ব্যাখ্যাটি হল- আয়াতের বিধান এখনও বহাল রয়েছে। আয়াতটি বদর যুদ্ধে অংশগ্রহণকারীদের সম্পর্কে অবতীর্ণ হলেও; তার বিধান সব মুসলিমের ক্ষেত্রেই প্রযোজ্য। আল্লাহ তায়ালা মুমিনদের জন্য শত্রুর মুখোমুখি হলে পরাজিত হয়ে পৃষ্ঠ প্রদর্শন করে পলায়ন করা হারাম করেছেন। অবশ্য যুদ্ধ-কৌশল হিসেবে কিংবা দারুল ইসলামে অবস্থানকারী মুমিন দলের সাথে মিলিত হওয়ার জন্য পিছু হটলে ভিন্ন কথা। শত্রুর মুখোমুখি হওয়ার পর যে ব্যক্তি আল্লাহ তায়ালা যে দু'টি অবস্থায় পিছু হটা বৈধ করেছেন, তা ব্যতীত পৃষ্ঠ প্রদর্শন করে পলায়ন করবে, সে আল্লাহ তায়ালার ধমকের উপযুক্ত সাব্যস্ত হবে। তবে আল্লাহ তায়ালা নিজ অনুগ্রহে ক্ষমা করলে ভিন্ন কথা।" –জামিউল বায়ান ফি তা'বিলিল কুরআন ১৩/৪৪০

ইমাম কুরতুবী রহ. (৬৭১ হি.) বলেন-

حرم الله ذلك على المؤمنين حين فرض عليهم الجهاد وقتال الكفار... والفرار كبيرة موبقة بظاهر القرآن وإجماع الأكثر من الأئمة. اهـ –تفسير القرطبي: 371/7

"যখন আল্লাহ তায়ালা মু'মিনদের উপর কাফেরদের বিরুদ্ধে জিহাদ ও ক্বিতাল ফরজ করেছেন, তখন তা (যুদ্ধের ময়দান ছেড়ে পলায়ন করা) তাদের উপর হারাম করেছেন।... যুদ্ধ হতে পলায়ন ধ্বংসাত্মক কবীরা গুনাহ, যা কুরআনের বাহ্যিক বর্ণনা ও অধিকাংশ আয়িম্মায়ে কেরামের ঐক্যমতে প্রমাণিত।" –তাফসীরে কুরতুবী ৭/৩৭১

আল্লামা শাওকানী রহ. (১২৫০ হি.) বলেন-

فظاهر هذه الآية العموم لكل المؤمنين في كل زمن، وعلى كل حال إلا حالة التحرف والتحيز... وذهب جمهور العلماء إلى أن هذه الآية محكمة عامة غير خاصة، وأن الفرار من الزحف محرم، ويؤيد هذا: أن هذه الآية نزلت بعد انقضاء الحرب في يوم بدر... فيكون الفرار من الزحف محرما بشرط ما بينه الله في آية الضعف ...

ويؤيد هذا ورود الأحاديث الصحيحة المصرحة بأن الفرار من الزحف من جملة الكبائر، كما في حديث «اجتنبوا السبع الموبقات، وفيه: والتولي يوم الزحف» ونحوه من الأحاديث. اهـ -فتح القدير: 334/2

“আয়াতের বাহ্যিক বক্তব্য সকল যমানার সকল মু’মিনের জন্য এবং সর্বাবস্থায় প্রযোজ্য। তবে কৌশল হিসেবে কিংবা মুসলিম দলের সাথে মিলিত হওয়ার উদ্দেশ্যে পিছু হটলে ভিন্ন কথা।... অধিকাংশ উলামায়ে কেরামের বক্তব্য হল, এই আয়াতের বিধান এখনও অপরিবর্তিত। আয়াত আম তথা ব্যাপক, খাস নয়; এবং যুদ্ধ হতে পলায়ন হারাম। এ মতটিকে এ বিষয়টিও সমর্থন করে যে, আয়াতটি বদরের দিন যুদ্ধ শেষ হওয়ার পর অবতীর্ণ হয়েছে।... অতএব, যুদ্ধ হতে পলায়ন করা হারাম। তবে আল্লাহ তায়ালা দুর্বলতার বিবরণ সম্বলিত আয়াতে যে শর্ত উল্লেখ করেছেন, সে শর্তসাপেক্ষে জায়েয।... এ ব্যাপারে যেসব সহীহ হাদীসে সুস্পষ্টভাবে যুদ্ধ হতে পলায়ন করা কবীরা গুনাহ বলা হয়েছে, সেগুলোও এর সমর্থন করে। যেমন এক হাদীসে এসেছে– ‘তোমরা ধ্বংসাত্মক সাতটি গুনাহ

থেকে বিরত থাক।' সাতটির একটি হল, 'যুদ্ধ হতে পলায়ন করা'। এ ছাড়াও এ জাতীয় আরো হাদীস রয়েছে।" –ফাতহুল কাদীর ২/৩৩৪

আরেকটি আয়াত

অন্য একটি আয়াতে আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

{يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمْ فِئَةً فَاثْبُتُوا وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ} الانفال: 45

"হে ঈমানদারগণ! তোমরা যখন কোনো বাহিনীর সাথে যুদ্ধে লিপ্ত হও, অটল থাক এবং আল্লাহ তাআলাকে অধিক পরিমাণে স্মরণ কর, যাতে তোমরা সফলকাম হতে পার।" –আনফাল (০৮) : ৪৫

আয়াতের ব্যাখ্যায় কাযী সানাউল্লাহ পানিপতি রহ. (১২২৫ হি.) বলেন-

يا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذا لَقِيتُمْ للمحاربة فِئَةً يعنى جماعة كافرة ولم يصفها اشعارا بان المؤمنين لا يقاتلون الا الكفار فَاثْبُتُوا لقتالهم فان الفرار من الزحف كبيرة كما ورد في الصحاح من الأحاديث. اهـ –التفسير المظهري: 97/4

"হে ঈমানদারগণ! তোমরা যখন লড়াইয়ের জন্য কোনো বাহিনীর মুখোমুখি হও, (এখানে উদ্দেশ্য কাফের বাহিনী, কিন্তু তাদেরকে কাফের বিশেষণে বিযেশায়িত না করে একথার প্রতি ইঙ্গিত করা হয়েছে যে, মুমিনরা একমাত্র কাফেরের বিরুদ্ধেই কিতাল করে), তখন তাদের সাথে লড়াইয়ে সুদৃঢ় থাক। কেননা লড়াইয়ের ময়দান ছেড়ে পলায়ন করা কবিরা

গুনাহ- যেমনটা বিভিন্ন সহীহ হাদীসে এসেছে।” -তাফসীরে মাযহারী ৪/৯৭

আল্লামা শানকিতি রহ. (১৩৯৩ হি.) বলেন-

أَمَرَ اللَّهُ تَعَالَى الْمُؤْمِنِينَ فِي هَذِهِ الْآيَةِ الْكَرِيمَةِ بِالثَّبَاتِ عِنْدَ لِقَاءِ الْعَدُوِّ، وَذِكْرِ اللَّهِ كَثِيرًا مُشِيرًا إِلَى أَنَّ ذَلِكَ سَبَبٌ لِلْفَلَاحِ، وَالْأَمْرُ بِالشَّيْءِ نَهْيٌ عَنْ ضِدِّهِ، أَوْ مُسْتَلْزِمٌ لِلنَّهْيِ عَنْ ضِدِّهِ، كَمَا عُلِمَ فِي الْأُصُولِ، فَتَدُلُّ الْآيَةُ الْكَرِيمَةُ عَلَى النَّهْيِ عَنْ عَدَمِ الثَّبَاتِ أَمَامَ الْكُفَّارِ، وَقَدْ صَرَّحَ تَعَالَى بِهَذَا الْمَدْلُولِ فِي قَوْلِهِ: يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا زَحْفًا فَلَا تُوَلُّوهُمُ الْأَدْبَارَ. اهـ –تفسير أضواء البيان: 101/2

“আল্লাহ তায়ালা এই আয়াতে কারিমায় মুমিনদেরকে শত্রুর মোকাবেলায় দৃঢ়পদ থাকার এবং আল্লাহ তায়ালাকে বেশি বেশি স্মরণ করার নির্দেশ দিয়েছেন; একথার প্রতি ইঙ্গিত করার জন্য যে, এটা সফলতার মাধ্যম। আর কোনো বিষয়ের নির্দেশ দেয়ার অর্থ তার বিপরীতটা থেকে নিষেধ করা; অথবা বলা যায়, অবশ্যম্ভাবীভাবেই বিপরীতটা নিষেধ হয়ে পড়ে। যেমনটা উসূল শাস্ত্রে বিধিত। অতএব আয়াতে কারিমা কাফেরদের সামনে দৃঢ়পদ না থাকার নিষেধাজ্ঞার প্রতি নির্দেশ করছে। আল্লাহ তায়ালা এই বিষয়টা স্পষ্টভাবেও ব্যক্ত করেছেন তাঁর এই বাণীতে- ‘হে ঈমানদারগণ, যখন তোমরা কাফেরদের মুখোমুখি হও, তাদেরকে পৃষ্ঠপ্রদর্শন করে পলায়ন করো না’।” -আদওয়াউল বায়ান ২/১০১

খ. হাদীস শরীফ

ইমাম মুসলিম রহ. (২৬১ হি.) সহীহ মুসলিমে বর্ণনা করেন-

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ: "اجْتَنِبُوا السّبْعَ الْمُوبِقَاتِ" قِيلَ: يَا رَسُولَ اللهِ وَمَا هُنّ؟ قَالَ: "الشّرْكُ بِالله. وَالسّحْرُ، وَقَتْلُ النّفْسِ الّتِي حَرّمَ الله إِلاّ بِالْحَقّ، وَأَكْلُ مَالِ الْيَتِيمِ، وَأَكْلُ الرّبَا، وَالتّوَلّي يَوْمَ الزّحْفِ، وَقَذْفُ الْمُحْصَنَاتِ الْغَافِلاَتِ الْمُؤْمِنَاتِ" -صحيح مسلم: 145

“হযরত আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, তোমরা সাতটি ধ্বংসাত্মক বিষয় হতে বিরত থাকবে। আরজ করা হল, ইয়া রাসূলাল্লাহ! সেগুলো কী? ইরশাদ করলেন, ‘আল্লাহর সাথে শরীক করা, যাদু করা, আল্লাহ তায়ালা যে প্রাণ (হত্যা করা) হারাম করেছেন তা অন্যায়ভাবে হত্যা করা, এতিমের সম্পদ ভক্ষণ করা, সুদ খাওয়া, যুদ্ধের দিন পলায়ন করা এবং সতী-সাধ্বী মু’মিন নারীকে যিনার অপবাদ দেওয়া।” -সহিহ মুসলিম: ১৪৫

হাদীসে উল্লিখিত التولي يوم الزحف তথা ‘যুদ্ধের দিন পলায়ন করা’ এর ব্যাখ্যায়-

ইমাম নববী রহ (৬৭৬ হি.) বলেন-

وأما عده صلى الله عليه و سلم التولى يوم الزحف من الكبائر فدليل صريح لمذهب العلماء كافة فى كونه كبيرة الا ما حكي عن الحسن البصري رحمه الله أنه قال ليس هو من الكبائر قال والآية الكريمة فى ذلك انما وردت فى أهل بدر

خاصة والصواب ما قاله الجماهير أنه باق والله أعلم. اهـ –شرح مسلم، للنووي: 88/2

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুদ্ধের দিন পলায়ন করাকে কবীরা গুনাহ গণ্য করেছেন, যা কবিরা গুনাহ হওয়ার ব্যাপারে সকল উলামায়ে কেরামের মতের সপক্ষে সুস্পষ্ট প্রমাণ। অবশ্য হাসান বসরী রাহিমাহুল্লাহ হতে ভিন্নমত বর্ণিত আছে। তিনি বলেছেন, এটা কবীরা গুনাহের অন্তর্ভুক্ত নয়। তাঁর মতে এ আয়াতটি বিশেষভাবে বদর যুদ্ধে অংশগ্রহণকারীদের ব্যাপারেই অবতীর্ণ হয়েছে। তবে সঠিক মত হল যেটি জুমহুর উলামায়ে কেরাম বলেছেন যে, আয়াতের হুকুম এখনও বহাল রয়েছে।" -ইমাম নববী কৃত শরহে মুসলিম ২/৮৮

গ. ফুকাহায়ে কেরামের বক্তব্য

আল্লামা কাসানী রহ. (৫৮৭ হি.) বলেন-

فرض عين عند عموم النفير وفرض كفاية في غير تلك الحال وإذا شهد الوقعة فتعين عليه. اهـ –بدائع الصنائع: 191/4

"নাফিরে আমের সময় জিহাদ ফরজে আইন। অন্য সময় ফরজে কেফায়া। তবে ময়দানে উপস্থিত হয়ে গেলে ফরজে আইন হয়ে যায়।" -বাদায়েউস সানায়ে: ৪/১৯১

ইমাম নববী রহ. (৬৭৬ হি.) বলেন-

مَنْ شَرَعَ فِي قِتَالٍ وَلَا عُذْرَ لَهُ، لَزِمَهُ الْمُصَابَرَةُ، وَعَبَّرَ الْأَصْحَابُ عَنْ هَذَا بِأَنَّ الْجِهَادَ يَصِيرُ مُتَعَيَّنًا عَلَى مَنْ هُوَ مِنْ أَهْلِ فَرْضِ الْكِفَايَةِ بِالشُّرُوعِ. اهـ –روضة الطالبين: 213/10

"যে ব্যক্তি যুদ্ধ শুরু করে দেবে এবং তার কোনো ওজর থাকবে না, তার জন্য অটল থাকা আবশ্যক। আমাদের উলামায়ে কেরাম বিষয়টিকে ব্যক্ত করেছেন এভাবে- যাদের উপর জিহাদ ফরজে কেফায়া, তাদের উপরও জিহাদ শুরু করার দ্বারা ফরজে আইন হয়ে যায়।" –রওযাতুত্তালিবীন ১০/২১৩

দুই. কাফেররা মুসলিমদের উপর আক্রমণ করলে বা আক্রমণে উদ্ধত হলে

জিহাদ ফরজে আইন হওয়ার দ্বিতীয় ক্ষেত্র হল, কাফেররা যখন মুসলমানদের কোনো এলাকায় আক্রমণ করে অথবা কোনো এলাকা দখল করে নেয় কিংবা আক্রমণে উদ্ধত হয়। তখন উক্ত এলাকার অধিবাসীদের সকলের উপর তাদের বিরুদ্ধে জিহাদ করা এবং তাদের প্রতিরোধ করা ফরজে আইন হয়ে যায়।

ক. আলকুরআনুল কারীম

আল্লাহ তায়ালা ইরশাদ করেন-

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا مَا لَكُمْ إِذَا قِيلَ لَكُمُ انْفِرُوا فِي سَبِيلِ اللَّهِ اثَّاقَلْتُمْ إِلَى الْأَرْضِ أَرَضِيتُمْ بِالْحَيَاةِ الدُّنْيَا مِنَ الْآخِرَةِ فَمَا مَتَاعُ

الْحَيَاةِ الدُّنْيَا فِي الْآخِرَةِ إِلَّا قَلِيلٌ (38) إِلَّا تَنْفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ شَيْئًا وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ (39) إِلَّا تَنْصُرُوهُ فَقَدْ نَصَرَهُ اللَّهُ إِذْ أَخْرَجَهُ الَّذِينَ كَفَرُوا ثَانِيَ اثْنَيْنِ إِذْ هُمَا فِي الْغَارِ إِذْ يَقُولُ لِصَاحِبِهِ لَا تَحْزَنْ إِنَّ اللَّهَ مَعَنَا فَأَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَيْهِ وَأَيَّدَهُ بِجُنُودٍ لَمْ تَرَوْهَا وَجَعَلَ كَلِمَةَ الَّذِينَ كَفَرُوا السُّفْلَى وَكَلِمَةُ اللَّهِ هِيَ الْعُلْيَا وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ (40) انْفِرُوا خِفَافًا وَثِقَالًا وَجَاهِدُوا بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ فِي سَبِيلِ اللَّهِ ذَلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ (41). التوبة

“হে ঈমানদারগণ! তোমাদের কী হল, যখন তোমাদের বলা হয়, আল্লাহর রাস্তায় জিহাদে বের হও, তখন তোমরা যমীনের দিকে প্রবলভাবে ঝুঁকে পড়? তবে কি তোমরা আখেরাতের পরিবর্তে দুনিয়ার জীবনে সন্তুষ্ট হয়ে গেলে? অথচ দুনিয়ার জীবনের ভোগ-সামগ্রী আখেরাতের তুলনায় নিতান্তই নগণ্য। যদি তোমরা জিহাদে বের না হও, তিনি তোমাদের বেদনাদায়ক আযাব দেবেন এবং তোমাদের পরিবর্তে অন্য সম্প্রদায় নিয়ে আসবেন। তোমরা তাঁর কিছুমাত্র ক্ষতি করতে পারবে না। বস্তুত আল্লাহ সব কিছুর উপর ক্ষমতাবান। যদি তোমরা তাঁকে সাহায্য না কর, তবে আল্লাহ তাঁকে সাহায্য করেছেন, যখন কাফেররা তাঁকে বের করে দিয়েছিল; যখন তিনি ছিলেন দু’জনের দ্বিতীয় জন। যখন তাঁরা উভয়ে পাহাড়ের একটি গুহায় অবস্থান করছিলেন। যখন তিনি তাঁর সঙ্গীকে

বললেন, 'তুমি পেরেশান হয়ো না, নিশ্চয় আল্লাহ আমাদের সঙ্গে আছেন'। অতঃপর আল্লাহ তাঁর উপর তাঁর পক্ষ থেকে প্রশান্তি নাযিল করলেন এবং তাঁকে এমন এক সৈন্যবাহিনী দ্বারা সাহায্য করলেন, যাদেরকে তোমরা দেখনি এবং তিনি কাফেরদের বাণী অতি নিচু করে দিলেন। আল্লাহর বাণীই সুউচ্চ। আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাবান। তোমরা হালকা ও ভারী যে অবস্থায়ই থাক, জিহাদে বের হও এবং তোমাদের মাল ও জান নিয়ে আল্লাহর রাস্তায় জিহাদ কর। এটা তোমাদের জন্য উত্তম, যদি তোমরা জান।" –সূরা তাওবা (০৯) : ৩৮-৪১

মালিকুল উলামা আলাউদ্দীন কাসানী রহ: (৫৮৭ হি.) বলেন-

فأما إذا عم النفير بأن هجم العدو على بلد، فهو فرض عين يفترض على كل واحد من آحاد المسلمين ممن هو قادر عليه؛ لقوله سبحانه وتعالى {انفروا خفافا وثقالا} قيل: نزلت في النفير. اهـ -بدائع الصنائع: 98/7

"যদি নাফিরে আম হয়ে যায়; অর্থাৎ কোনো এলাকায় শত্রুরা আক্রমন চালায়, তাহলে জিহাদ ফরজে আইন হয়ে যায়। এই ফরজ প্রত্যেক সক্ষম মুসলমানের উপর বর্তায়। এর প্রমাণ আল্লাহ তায়ালার বাণী, 'তোমরা হালকা ও ভারী যে অবস্থায়ই থাক, জিহাদে বের হও' বলা হয়, আয়াতটি নাফিরে আম সম্পর্কে অবতীর্ণ হয়েছে।" -বাদায়িউস সানায়ি': ৭/৯৮

উক্ত আয়াতের তাফসীরে ইমাম কুরতুবী রহ. (৬৭১ হি.) বলেন-

وقد تكون حالة يجب فيها نفير الكل، وهي: الرابعة- وذلك إذا تعين الجهاد بغلبة العدو على قطر من الأقطار، أو بحلوله بالعقر، فإذا كان ذلك وجب على

جميع أهل تلك الدار أن ينفروا ويخرجوا إليه خفافا وثقالا، شبابا وشيوخا، كل على قدر طاقته، من كان له أب بغير إذنه ومن لا أب له، ولا يتخلف أحد يقدر على الخروج، من مقاتل أو مكثر. فإن عجز أهل تلك البلدة عن القيام بعدوهم كان على من قاربهم وجاور هم أن يخرجوا على حسب ما لزم أهل تلك البلدة، حتى يعلموا أن فيهم طاقة على القيام بهم ومدافعتهم. وكذلك كل من علم بضعفهم عن عدو هم وعلم أنه يدركهم ويمكنه غياثهم لزمه أيضا الخروج إليهم، فالمسلمون كلهم يد على من سواهم، حتى إذا قام بدفع العدو أهل الناحية التي نزل العدو عليها واحتل بها سقط الفرض عن الآخرين. ولو قارب العدو دار الإسلام ولم يدخلوها لزمهم أيضا الخروج إليه، حتى يظهر دين الله وتحمى البيضة وتحفظ الحوزة ويخزى العدو. ولا خلاف في هذا. اهـ –تفسير القرطبي: 8/151-152

“কোনো কোনো অবস্থায় সকলের উপরই জিহাদে বের হওয়া ফরজ হয়ে যায়। চতুর্থ মাসআলায় এটাই বর্ণনা করা উদ্দেশ্য। উক্ত অবস্থা হল, যখন কোনো (মুসলিম) ভূখণ্ডে শত্রু দখলদারিত্ব কায়েম করে ফেলার কারণে বা কোনো ভূখণ্ডে শত্রু ঢুকে পড়ার কারণে জিহাদ ফরজে আইন হয়ে যায়। এমতাবস্থায় উক্ত ভূখণ্ডের হালকা-ভারী (সরঞ্জামধারী), যুবক-বৃদ্ধ সকল অধিবাসীর উপর ফরজ, শত্রুর মোকবেলায় জিহাদে বেরিয়ে পড়া। প্রত্যেকে নিজ সামর্থ্য অনুযায়ী শত্রু প্রতিহত করবে। যার পিতা নেই সে তো যাবেই, যার পিতা আছে সেও পিতার অনুমতি ছাড়াই বেরিয়ে পড়বে। যুদ্ধ করতে সক্ষম কিংবা (অন্তত মুজাহিদদের) সংখ্যা বৃদ্ধি করতে সক্ষম,

এমন কেউ বসে থাকবে না। ওই অঞ্চলের অধিবাসীরা যদি শত্রু প্রতিহত করতে অক্ষম হয়, তাহলে উক্ত ভূখণ্ডের অধিবাসীদের মতো তাদের নিকটবর্তী এবং প্রতিবেশীদের উপরও আবশ্যক, জিহাদে বের হয়ে পড়া; যতক্ষণ না তারা বুঝতে পারবে যে, এখন তাদের শত্রু প্রতিহত করার এবং তাদেরকে বিতাড়িত করার সামর্থ্য অর্জিত হয়েছে। তেমনি যে ব্যক্তিই জানতে পারবে যে, তারা শত্রু প্রতিহত করতে অক্ষম এবং সে বুঝতে পারবে- আমি তাদের কাছে পৌঁছতে এবং তাদেরকে সাহায্য করতে সক্ষম; তার উপরই আবশ্যক সাহায্যের উদ্দেশ্যে বেরিয়ে পড়া। কারণ, সকল মুসলমান তাদের শত্রুদের বিরুদ্ধে এক হস্তের ন্যায়। তবে যে এলাকায় শত্রু আগ্রাসন চালিয়েছে, তারা নিজেরাই যদি শত্রু প্রতিহত করতে পারে, তাহলে অন্যদের উপর থেকে ফরজ রহিত হয়ে যাবে। আর যদি এমন হয় যে, শত্রুরা দারুল ইসলামের নিকটবর্তী হয়ে গেছে, কিন্তু এখনও দারুল ইসলামে আগ্রাসন চালায়নি, তাহলেও তাদের উপর ফরজ, শত্রু প্রতিহত করার উদ্দেশ্যে বেরিয়ে পড়া। যাতে আল্লাহর দ্বীন বিজয়ী থাকে, ইসলামী ভূখণ্ড সংরক্ষিত থাকে এবং শত্রু অপদস্থ ও পরাস্ত হয়। এ বিষয়ে কারো দ্বিমত নেই।" -তাফসীরে কুরতুবী: ৮/১৫১-১৫২

ইমাম কুরতুবী রহ.-এর বক্তব্য থেকে বুঝা গেল, নিম্নোক্ত তিন সূরতের প্রতিটিতেই জিহাদ ফরজে আইন।

১. যখন শত্রু কোনো মুসলিম ভূখণ্ডে আগ্রাসন চালিয়ে তা দখল করে নেয়। (بغلبة العدو على قطر من الأقطار)

২. যদি শত্রু কোনো মুসলিম ভূখণ্ডে ঢুকে পড়ে, তবে এখনও তা দখলে নিতে সক্ষম হয়নি। (بحلوله بالعقر)

৩. যদি শত্রু আগ্রাসন চালানোর উদ্দেশ্যে দারুল ইসলামের দিকে আসতে থাকে এবং দারুল ইসলামের কাছাকাছি এসে পড়ে। (لو قارب العدو دار الإسلام ولم يدخلوها)

এই সকল সূরতে জিহাদ ফরজে আইন। তা বহাল থাকবে যতক্ষণ না শত্রুকে পূর্ণ পরাস্ত করা যায় এবং দারুল ইসলাম থেকে তাদেরকে বিতাড়িত করা যায়।

খ. হাদীস শরীফ

হাদীসে এসেছে-

عن عبد الله بن عباس رضي الله عنهما قال: قال رسول الله صلى الله عليه وسلم: (لا هجرة بعد الفتح، ولكن جهاد ونية، وإذا استنفرتم فانفروا) –صحيح البخاري: 2783، صحيح مسلم: 1353

“হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রাযি. থেকে বর্ণিত, রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন, (মক্কা) বিজয়ের পর (মদীনায়) হিজরতের (ফরজ) বিধান রহিত হয়ে গেছে, কিন্তু জিহাদ ও নিয়ত রয়ে গেছে। যখন তোমাদেরকে জিহাদে বের হতে আহবান করা হবে, তোমরা বের হয়ে পড়।” –সহীহ বুখারী: ২৭৮৩, সহীহ মুসলিম: ১৩৫৩

الاسْتِنْفار অর্থ: জিহাদ ও নুসরতে বের হওয়ার আহবান জানানো।

ইমাম সুয়ূতী রহ. (মৃত্যু: ৯১১ হি.) উক্ত হাদীসের ব্যাখ্যায় বলেন-

أى إذا طلب منكم الخروج إلى الغزو فاخرجوا إليه. اهـ –جامع الاحاديث: 1338

"অর্থাৎ যখন তোমাদের কাছে তলব করা হয়, তোমরা জিহাদে বের হও, তখন বের হয়ে পড়।" -জামিউল আহাদীস: ১৩৩৮

তিনি আরো বলেন-

الاسْتِنْفار: الاسْتِنْجاد والاستِنْصار والمراد: إذا طلب منكم النُّصْرة فأجِيبوا وانْفِروا خارِجين إلى الإعانَة. اهـ –جامع الأحاديث: 1338

"الاسْتِنْفار অর্থ: সাহায্য ও নুসরত কামনা করা। উদ্দেশ্য, যখন তোমাদের কাছে নুসরত চাওয়া হয়, তখন সাড়া দাও এবং নুসরতের উদ্দেশ্যে বেরিয়ে পড়।" -জামিউল আহাদীস: ১৩৩৮

হাফেজ ইবনে হাজার আসকালানী রহ. (মৃত্যু: ৮৫২ হি.) বলেন-

المعنى أن وجوب الهجرة من مكة انقطع بفتحها إذ صارت دار إسلام ولكن بقي وجوب الجهاد على حاله عند الاحتياج إليه وفسره بقوله (فإذا استنفرتم فانفروا) أي إذا دعيتم إلى الغزو فأجيبوا. اهـ –فتح الباري: 78/15

"উক্ত হাদীসের অর্থ হল, মক্কা বিজিত হয়ে দারুল ইসলামে পরিণত হওয়ার দ্বারা মক্কা থেকে হিজরত করার ফরজিয়ত শেষ হয়ে গেছে। কিন্তু প্রয়োজনের সময় জিহাদে বের হওয়া তেমনি ফরজ রয়ে গেছে, যেমন আগে ফরজ ছিল। (فإذا استنفرتم فانفروا) দ্বারা রাসূল সাল্লাল্লাহু

আলাইহি ওয়াসাল্লাম একথাই ব্যক্ত করেছেন। অর্থাৎ যখনই তোমাদের জিহাদের জন্য আহবান করা হবে, তোমরা সাড়া দেবে।" -ফাতহুল বারী: ১৫/৭৮

কাজি ইয়ায রহ. (মৃত্যু: ৫৪৪ হি.) বলেন-

وقوله: (وإذا استنفرتم فانفروا) هو على وجهين؛ فأما الاستنفار لعدو صدم أرض قوم، فنفيرهم له واجب فرض متعين عليهم، وكذلك لكل عدو غالب ظاهر حتى يقع، وأما لغير هذين الوجهين فيتكد النفير لطاعة الإمام لذلك، ولا يجب وجوب الأول. اهـ -إكمال المعلم: 275/6

"(وإذا استنفرتم فانفروا) তথা 'যখন তোমাদেরকে জিহাদে বের হতে আহবান করা হবে, তোমরা বের হয়ে পড়' -এর দু'টি সূরত রয়েছে। যদি এমন কোনো শত্রু প্রতিহত করতে আহবান করা হয়, যারা মুসলমানদের কোনো ভূখণ্ডে আক্রমণ করেছে, তাহলে তাদেরকে প্রতিহত করার উদ্দেশ্যে জিহাদে বের হওয়া তাদের উপর ফরজে আইন। একইভাবে যে শত্রু দখলদারিত্ব কায়েম করে ফেলেছে, তাদের প্রতিহত করার জন্যে জিহাদে বের হওয়াও ফরজে আইন। এ ফরজ বলবৎ থাকবে, যতক্ষণ না শত্রু পরাজিত হয়। এই দুই সূরত ছাড়াও ইমাম যদি জিহাদে বের হওয়ার আদেশ দেন, তবুও ইমামের আনুগত্যের জন্য জিহাদে বের হওয়া আবশ্যক। তবে এটি পূর্বোক্ত দু'টির মতো জোরদার ফরজ নয়।" -ইকমালুল মু'লিম: ৬/২৭৫

গ. ফুকাহায়ে কেরামের বক্তব্য

এই পরিস্থিতিকে ফিকহের পরিভাষায় নাফিরে আম বলা হয়। নাফির অর্থ যুদ্ধে বের হওয়া, আর আম অর্থ ব্যাপক। 'নাফিরে আম' দ্বারা উদ্দেশ্য এমন অবস্থা, যখন শত্রুকে প্রতিহত করতে ব্যাপকভাবে মুসলমানদের সকলের জিহাদে বের হওয়া প্রয়োজন হয়ে পড়ে। কাফেররা মুসলিম ভূখণ্ডে আগ্রাসন চালালে যেহেতু তাদের প্রতিহত করতে মুসলমানদেরকে ব্যাপকভাবে জিহাদে বের হতে হয়, তাই এ অবস্থাকে নাফিরে আম বলা হয়। নাফীরে আমের অবস্থায়ও সকলের উপর জিহাদ ফরজে আইন।

আল্লামা হাসকাফি রহ. (১০৮৮ হি.) বলেন-

وَفَرْضُ عَيْنٍ إنْ هَجَمَ الْعَدُوُّ فَيَخْرُجُ الْكُلُّ. اهـ –الدر مع الرد: 127/4

"শত্রু আকস্মিক হামলা করে বসলে জিহাদ ফরজে আইন। তখন সকলেই জিহাদে বের হয়ে পড়বে।"

আল্লামা ইবনে আবিদিন শামী রহ. (১২৫২ হি.) উক্ত বক্তব্যের ব্যখ্যায় বলেন-

وَهَذِهِ الْحَالَةُ تُسَمَّى "النَّفِيرَ الْعَامّ". قَالَ فِي الِاخْتِيَارِ: وَالنَّفِيرُ الْعَامُّ – أَنْ يُحْتَاجَ إلَى جَمِيعِ الْمُسْلِمِينَ. اهـ –رد المحتار: 127/4

"এ অবস্থাকে 'নাফিরে আম' বলা হয়। 'আল-ইখতিয়ার' গ্রন্থকার বলেন, 'নাফিরে আম' হচ্ছে এমন অবস্থা, যখন সকল মুসলমানের জিহাদে বের হওয়া প্রয়োজন হয়ে পড়ে।" –রদ্দুল মুহতার: ৪/১২৭

আল্লামা বদরুদ্দীন আইনী রহ. (৮৫৫ হি.) বলেন,

يجب الجهاد على الكفاية إلا إذا كان النفير عاماً بأن لا يندفع شر الكفار إذا هجموا ببعض المسلمين ... فيفترض على كل واحد. اهـ –البناية: 96/7

"জিহাদ ফরজে কেফায়া। তবে নাফিরে আম হয়ে গেলে সকলের উপর ফরজ হয়ে যায়। নাফিরে আম হল, যখন কাফেররা আক্রমণ করে বসে এবং কিছু সংখ্যক মুসলমানের দ্বারা তাদের অনিষ্ট প্রতিহত করা যায় না।... তখন সকলের উপর জিহাদ ফরজ হয়ে যায়।" – আলবিনায়া:৭/৯৬

এখানে একটি বিষয় লক্ষণীয় যে, কাফেররা আক্রমণ করে বসলে বা কোনো ভূখণ্ড দখল করে নিলে এক পর্যায়ে দুনিয়ার সকল মুসলমানের উপর জিহাদ ফরজে আইন হয়ে যায়। যাদের উপর আক্রমণ হয়েছে, সর্বপ্রথম তাদের উপর ফরজে আইন। তারা না পারলে বা না করলে, এই দায়িত্ব তাদের পার্শ্ববর্তী মুসলমানদের উপর বর্তায়। তারা না পারলে বা না করলে তাদের পরবর্তীদের উপর বর্তায়। এভাবে ক্রমান্বয়ে বিশ্বের সকল মুসলমানের উপর জিহাদে শরীক হওয়া ফরজে আইন হয়ে যায়। এ অবস্থায় প্রত্যেকে তার নিজ নিজ সামর্থ্য অনুযায়ী জান-মাল ও বুদ্ধি-পরামর্শ দিয়ে শরীক হবে। অন্যথায় সবাই ফরজ ত্যাগের দায়ে গুনাহগার হবে।

আল্লামা ইবনে আবিদিন শামী রহ. (১২৫২ হি.) বলেন-

الجهاد إذا جاء النفير إنما يصير فرض عين على من يقرب من العدو، فأما من وراءهم ببعد من العدو فهو فرض كفاية عليهم، حتى يسعهم تركه إذا لم يحتج

إليهم. فإن احتيج إليهم بأن عجز من كان يقرب من العدو عن المقاومة مع العدو أو لم يعجزوا عنها، لكنهم تكاسلوا ولم يجاهدوا: فإنه يفترض على من يليهم فرض عين كالصلاة والصوم، لا يسعهم تركه ثم وثم إلى أن يفترض على جميع أهل الإسلام شرقا وغربا على هذا التدريج. اهـ –رد المحتار: 124/4

“যদি শত্রুরা মুসলমানদের উপর আক্রমণ চালায়, তাহলে (প্রথমত) জিহাদ ফরজে আইন হয় ওইসব মুসলমানের উপর, যারা শত্রুর সবচেয়ে নিকটবর্তী। আক্রান্ত এলাকা থেকে যারা দূরে, (শত্রু প্রতিহত করতে) যদি তাদের সাহায্যের প্রয়োজন না হয়, তাহলে তাদের উপর জিহাদ (ফরজে আইন নয়; বরং) ফরজে কেফায়া। এ অবস্থায় তাদের জিহাদে শরীক না হওয়ার অবকাশ থাকে। তবে শত্রুর নিকটে যারা রয়েছে, তারা যদি শত্রু প্রতিরোধে অপারগ হয় বা অলসতাবশত জিহাদ না করে, তাহলে তাদের পার্শ্ববর্তীদের উপর জিহাদ ফরজে আইন হয়ে যাবে; যেমন সালাত ও সিয়াম ফরজে আইন। তখন তাদের জন্য জিহাদ না করার কোনো অবকাশ থাকবে না। এভাবে তাদের পরবর্তী এবং তাদের পরবর্তী মুসলমানদের উপর জিহাদ ফরজে আইন হতে থাকে। পর্যায়ক্রমে পূর্ব থেকে পশ্চিম; সমগ্র বিশ্বের সকল মুসলমানের উপর জিহাদ ফরজে আইন হয়ে যায়।” - রদ্দুল মুহতার: ৪/১২৪

উল্লেখ্য, কোনো মুসলমান কাফেরদের হাতে বন্দী হলে তাকে মুক্ত করার জন্যও এক পর্যায়ে ফুকাহায়ে কেরাম জিহাদকে ফরজে আইন বলেছেন। স্বভাবত এখানেও সেই বিন্যাস প্রযোজ্য, যা উপরে রদ্দুল মুহতারের উদ্ধৃতিতে উল্লেখ করা হল।

ইমাম গাযালী রহ. (৫০৫ হি.) বলেন-

ولو أسروا مسلما أو مسلمين فهل يتعين القتال كما لو استولوا على الديار فيه خلاف والظاهر أنه يتعين إذا أمكن إلا حيث يعسر التوغل في ديارهم ويحتاج إلى زيادة أهبة فقد رخص فيه في نوع من التأخير ولكن لا يجوز إهماله. اهـ – الواسط: 5/7

"কাফিররা যদি দুয়েকজন মুসলিমকে বন্দী করে, তাহলে কি কিতাল ফরজে আইন হয়ে যাবে? যেমন তারা মুসলিম ভূখণ্ডে দখলদারিত্ব কায়েম করলে ফরজে আইন হয়ে যায়? এ মাসআলায় মতভেদ রয়েছে। তবে স্পষ্ট এটাই যে, (তাদের বিরুদ্ধে কিতাল করা) সম্ভব হলে ফরজে আইন হয়ে যাবে। তবে তাদের ভূখণ্ডে প্রবেশ করে আক্রমণ করা কঠিন হলে এবং অতিরিক্ত প্রস্তুতির প্রয়োজন হলে, বিলম্ব করার কিছুটা সুযোগ আছে। কিন্তু একদম উপেক্ষা করা জায়েয নয়।" –আলওয়াসিত:৭/৫

নাফিরে আম: একটি সংশয়

কেউ কেউ মনে করেন, 'নাফিরে আমের জন্য ইমামের পক্ষ থেকে জিহাদের আহ্বান জরুরি। ইমামের আহ্বান না হলে কাফেররা আক্রমণ চালালেও নাফিরে আম হবে না এবং ব্যাপকভাবে জিহাদও ফরজ হবে না!'

এই ধারণা ঠিক নয়। নাফির আমের ব্যাখ্যা আমরা ইতিমধ্যে আল্লামা কাসানী রহ., আল্লামা আইনী রহ. ও আল্লামা ইবনে আবিদীন শামী রহ. এর উদ্ধৃতিতে উল্লেখ করেছি। ইমাম কুরতুবী রহ. এর বক্তব্যও প্রায়

কাছাকাছি। তাদের বক্তব্য থেকে নাফির আমের যে অর্থ দাঁড়ায় তা হল, 'নাফির আম একটি অবস্থার নাম, যা সৃষ্টি হয় কাফেররা কোনো মুসলিম ভূখণ্ডে আক্রমণ করলে বা আক্রমণ করতে আসলে কিংবা আক্রমণ করে তা দখল করে নিলে, যখন তাদের প্রতিহত করার জন্য ব্যাপকভাবে সকল মুসলমানের জিহাদে বের হওয়ার প্রয়োজন দেখা দেয়'। এ অবস্থাকে নাফির আম বলা হয় এবং তখন ব্যাপকভাবে জিহাদ সকলের উপর ফরজ হয়ে যায়। ইমামের পক্ষ হতে আহ্বান আসতে হবে, এমন কোনো শর্ত নেই। ইবনে আবিদিন রহ. এর বক্তব্য একেবারেই সুস্পষ্ট- وَهَذِهِ الْحَالَةُ تُسَمَّى "النَّفِيرَ الْعَامّ" 'এ অবস্থাকে 'নাফিরে আম' বলা হয়'। পাঠকের প্রতি তাঁদের বক্তব্যগুলোতে আরেকবার নজর বুলিয়ে নেয়ার অনুরোধ রইল। এছাড়াও এবিষয়ে আমরা আরো কয়েকজন ইমামের বক্তব্য উল্লেখ করছি:

ইমাম মুহাম্মাদ রহ. (১৮৯ হি.) বলেন-

فأما إذا جاء النفير عاما فقيل لأهل مدينة: قد جاء العدو يريدون أنفسكم أو ذراريكم أو أموالكم لا بأس بأن يخرج بغير إذن والديه. اهـ –شرح السير الكبير: 128/1

"যখন নাফির আম হবে; কোনো এলাকার অধিবাসীদের বলা হবে, তোমাদের জান, মাল কিংবা তোমাদের স্ত্রী-সন্তানদের উদ্দেশ্যে শত্রুরা এসে পড়েছে, তখন পিতামাতার অনুমতি ব্যতীত জিহাদে বের হতে কোনো সমস্যা নেই।" -শরহুসসিয়ারিল-কাবীর ১/১২৮

ইমাম ইবনুল হুমাম রহ. (৮৬১ হি.) বলেন-

ثم هذا (إذا لم يكن النفير عاما، فإن كان) بأن هجموا على بلدة من بلاد المسلمين (فيصير من فروض الأعيان) سواء كان المستنفر عدلا أو فاسقا فيجب على جميع أهل تلك البلدة النفر. اهـ -فتح القدير: 439/5

"জিহাদ ফরজে আইন না হওয়ার এ বিধান হল, যখন নাফিরে আম না হবে। পক্ষান্তরে যদি নাফিরে আম হয়ে যায়; যেমন কাফেররা অকস্মাৎ মুসলিমদের কোনো ভূখণ্ডে আক্রমণ করে বসল, তাহলে জিহাদ ফরজে আইন হয়ে যাবে। (প্রতিরোধ জিহাদের) আহ্বানকারী (যে কোনো আহ্বানকারী বা আক্রমণের সংবাদদাতা উদ্দেশ্য, ইমাম হওয়া জরুরি নয়। যেমন আল্লামা হাসকাফি রহ.র পরবর্তী বক্তব্যে সুস্পষ্টভাবে বলা হয়েছে।) বিশ্বস্ত হোক বা ফাসেক হোক। সে এলাকার সকলের উপর তখন জিহাদে বের হওয়া ফরজ।" -ফাতহুল কাদীর ৫/৪৩৯

আল্লামা হাসকাফি রহ. (১০৮৮ হি.) বলেন,

وفرض عين إن هجم العدو فيخرج الكل ولو بلا إذن) ويأثم الزوج ونحوه بالمنع ذخيرة.... (ويقبل خبر المستنفر ومنادي السلطان ولو) كان كل منهما (فاسقا ؛ لأنه خبر يشتهر في الحال ذخيرة -الدر المختار وحاشية ابن عابدين (رد المحتار): 4/ 126-127

"এবং জিহাদ ফরজে আইন; শত্রু যদি আক্রমণ করে। তখন সকলেই বের হয়ে পড়বে, অনুমতি ছাড়া হলেও। স্বামী ও তার মতো (কর্তৃত্বের অধিকারী) অন্যান্যরা নিষেধ করলে গুনাহগার হবে।..... এখানে আহ্বানকারী বা সংবাদদাতা এবং বাদশার ঘোষকের সংবাদ গ্রহণযোগ্য,

যদিও তারা ফসেক হয়। কারণ এটি এমন সংবাদ, যা তৎক্ষণাত ছড়িয়ে পড়বে।" -আদ্দুররুল মুখতার: ৪/১২৬-১২৭

ইমাম মুহাম্মাদ রহ.-র বক্তব্য

উপরে ইমাম মুহাম্মাদ রহ., ইবনুল হুমাম রহ. এবং হাসকাফি রহ. নাফিরে আমের যে ব্যাখ্যা করেছেন, তা থেকেও স্পষ্ট যে, কাফেররা আক্রমণ করলেই নাফিরে আম হয়ে যাবে। ইমামের আহ্বানের সাথে এর কোনো সম্পর্ক নেই। বরং ইমাম মুহাম্মাদ রহ. বলেছেন, এ অবস্থায় ইমাম নিষেধ করলে, তাঁর নিষেধাজ্ঞা অমান্য করে হলেও তাদের প্রতিরোধে কিতাল করতে হবে।

وإن نهى الإمام الناس عن الغزو والخروج للقتال فليس ينبغي لهم أن يعصوه إلا أن يكون النفير عاما. اهـ –شرح السير الكبير: 378/2

"ইমাম যদি লোকজনকে যুদ্ধ করতে এবং কিতালে বের হতে নিষেধ করেন, তাহলে তাদের জন্য তাঁর আদেশ অমান্য করা জায়েয নয়। তবে যদি নাফিরে আম হয়ে যায়, তাহলে ভিন্ন কথা।" -শরহুস সিয়ারিল কাবীর: ২/৩৭৮

অর্থাৎ নাফিরে আম হয়ে গেলে তখন ইমাম নিষেধ করলেও জিহাদে যেতে হবে। এখান থেকে একেবারেই সুস্পষ্ট যে, কাফেররা আক্রমণ করলেই নাফিরে আম হয়ে যায় এবং জিহাদে বের হওয়া ফরজ হয়ে যায়। ইমামের আদেশের সাথে এর কোনো সম্পর্ক নেই। বরং ইমাম যদি এ সময় জিহাদে যেতে নিষেধ করেন, তাহলেও নাফিরে আম বহাল থাকবে। ইমামের কথা অমান্য করেই জিহাদে বের হতে হবে। কারণ, কাফেরদের আক্রমণের

ফলে আল্লাহ তাআলার পক্ষ থেকে জিহাদ ফরজে আইন হয়ে যায়। এ অবস্থায় ইমামের নিষেধাজ্ঞা আল্লাহর নাফরমানির শামিল। আল্লাহর নাফরমানি করে কারো আনুগত্যের সুযোগ নেই। হাদিসে এসেছে,

لا طاعة لمخلوق في معصية الخالق –المصنف لابن أبي شيبة: 34406

“খালেকের নাফরমানী করে মাখলূকের আনুগত্য বৈধ নয়।” -মুসান্নাফে ইবনে আবি শাইবা: ৩৪৪০৬

ইমাম সারাখসী রহ.-র ব্যাখ্যা

ইমাম সারাখসী রহ. (৪৯০ হি.); ইমাম মুহাম্মাদ রহ. এর উক্ত বক্তব্যের ব্যাখ্যায় বিষয়টি পরিষ্কার করে দিয়েছেন। তিনি বলেন,

لأن طاعة الأمير فيما ليس فيه ارتكاب المعصية واجب كطاعة السيد على عبده فكما أن هناك بعد نهي المولى لا يخرج إلا إذا كان النفير عاما فكذلك ها هنا. اهـ –شرح السير الكبير: 378/2

